

## প্রেস ব্রিফিং

### Annual Education Survey 2016 (Online) - এর তথ্যছক চূড়ান্তকরণ কর্মশালা

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যৱো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকেতের শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষাতথ্য সংগ্রহ, পত্রিয়াকরণ, সংরক্ষণ, বিতরণ ও প্রচারের একমাত্র সরকারি সংস্থা। ব্যানবেইস প্রতিবছর শিক্ষা জরিপ পরিচালনা করে বার্ষিক শিক্ষা পরিসংখ্যান ও প্রধান কর্মকৃতি নির্দেশকসহ প্রতিবেদন প্রস্তুত করে থাকে। এরই ধারাবাহিকতায় এ বছর, আগামী ২০ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর ২০১৬ পর্যন্ত বার্ষিক শিক্ষা জরিপ (Online)-২০১৬ সম্পন্ন হবে। প্রাপ্ত তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও বিন্যাস করে Bangladesh Education Statistics 2016 শিরোনামে একটি খসড়া প্রতিবেদন এ বছরের ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন করা হবে এবং প্রতিবেদনটি ২০১৭ সালের জানুয়ারী মাসে প্রকাশ করা হবে। বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬ এর তথ্যছক প্রতিবছরের ন্যায় এবারও অনলাইনে (Self Responding) সম্পন্ন হবে। শিক্ষা জরিপ এর প্রস্তাবিত তথ্যছক চূড়ান্তকরণের নিমিত্ত ২৩ আগস্ট ২০১৬, মঙ্গলবার, বিকাল ৩ ঘটিকায় ব্যানবেইস সম্মেলন কক্ষে একটি কর্মশালা আয়োজন করা হয়।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। ব্যানবেইস এর পরিচালক জনাব মোঃ ফসিউল্লাহ্'র সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় অংশগ্রহণকারী আমন্ত্রীত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সবিচ জনাব এ এস মাহমুদ এবং প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালক এবং শিক্ষামন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থার প্রধানগণ ও শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, UNESCO এর প্রতিনিধি ও শিক্ষাবিদসহ বাংলাদেশের শিক্ষাক্ষেত্রের সকলস্তরের প্রতিনিধিগণ। কর্মশালায় পরিসংখ্যান বিভাগের প্রধান জনাব মোঃ শামচুল আলম “বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬” তথ্যছক উপস্থাপন করেন।

#### একনজরে “বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬”

##### জরিপের পরিধি

- ✓ দেশের সকল সরকারি ও বেসরকারি পোস্ট প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠান (৪০,৩৩৬)।
- ✓ স্কুল,স্কুল অ্যাস্ট কলেজ, কলেজ, মাদরাসা, কারিগরি-ভোকেশনাল, পেশাগত, শিক্ষক প্রশিক্ষণ, বিশ্বিদ্যালয় ইত্যাদি জরিপের অন্তর্ভুক্ত।

##### জরিপের সময়

- ❖ ২০ সেপ্টেম্বর ২০১৬ থেকে ২০ অক্টোবর ২০১৬

##### তথ্য সংগ্রহ পদ্ধতি

- অনলাইন পদ্ধতির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা।
- ব্যানবেইস ওয়েবসাইটে ই-সার্ভেতে লগইন করে প্রতিষ্ঠান প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ করে থাকেন।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুপারভিশন এবং জেলা শিক্ষা আফিসার সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন।
- ব্যানবেইস থেকে টেলিফোনের মাধ্যমে প্রতিষ্ঠান প্রধানদের সহিত যোগাযোগ করা হয়। ফলে শতভাগ প্রতিষ্ঠানের তথ্য প্রাপ্তি নিশ্চিত হয়।